



হাদি হত্যার বিচার দাবিতে ইনকিলাব মঞ্চের শাহবাগ অবরোধ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শহিদ শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ডের দ্রুত বিচার দাবিতে রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করেছে সংগঠনটির নেতাকর্মীরা। শুক্রবার জুমার নামাজের পর শুরু হওয়া এই কর্মসূচির ফলে গুরুত্বপূর্ণ এই মোড়ে যান চলাচল ব্যাহত হয়। এর আগে দেশব্যাপী দোয়া ও বিক্ষোভের ডাক দেয় ইনকিলাব মঞ্চ। শুক্রবার (২৬ ডিসেম্বর) রাজধানীর শাহবাগ মোড়ে অবস্থান কর্মসূচি পালন করা হয়। জুমার নামাজ শেষে ইনকিলাব মঞ্চের নেতাকর্মীরা শাহবাগ এলাকায় জড়ো হয়ে সড়ক অবরোধ করলে আশপাশের এলাকায় তীব্র যানজট সৃষ্টি হয়।

এর আগে সকালে ইনকিলাব মঞ্চের ভেরিফায়েড ফেসবুক পেজে এক ঘোষণায় হাদির রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাত এবং খুনিদের বিচার দাবিতে বাদ জুমা দেশব্যাপী বিক্ষোভ মিছিলের কর্মসূচির আহ্বান জানানো হয়।

শরিফ ওসমান হাদি ছিলেন একজন রাজনীতিবিদ ও সাংস্কৃতিক কর্মী হিসেবে পরিচিত মুখ। তিনি শিক্ষকতা ও লেখালেখির সঙ্গেও যুক্ত ছিলেন। জুলাই গণঅভ্যুত্থানের পর গড়ে ওঠা রাজনৈতিক-সাংস্কৃতিক প্ল্যাটফর্ম ইনকিলাব মঞ্চের মুখপাত্র হিসেবে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন। পাশাপাশি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসন থেকে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছিলেন।

জুলাই শহিদদের অধিকার আদায়, আওয়ামী লীগ নিষিদ্ধকরণ আন্দোলন এবং ভারতীয় আধিপত্যবাদের বিরোধিতায় তার রাজনৈতিক অবস্থান ব্যাপক আলোচনার জন্ম দেয়।

উল্লেখ্য, গত ১২ ডিসেম্বর শুক্রবার জুমার নামাজের পর ঢাকার বিজয়নগরের বক্স কালভার্ট এলাকায় তিনি গুলিবিদ্ধ হন। গুরুতর আহত অবস্থায় তাকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হলে ১৮ ডিসেম্বর রাত ৯টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।